গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাতিসংঘ- ৩ অধিশাখা
www.erd.gov.bd

পত্র সংখ্যা: ০৯.৪১১.০২৪.০০.২০.২০১৭-১৩৩ তারিখঃ ০৯/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ "সোশাল প্রোটেকশন পলিসি সাপোর্ট প্রোগ্রাম বা এসএসপিএস-এর প্রজেক্ট ডকুমেন্ট (প্রোডক) ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত বর্ধিতকরণ।

সূত্রঃ সাধারণ অর্থনীতি বিভাগের স্মারক নং- ২০.৬২১.০১৪.০১.০০.০০১.২০১৩.৬৫, তারিখ ০৪ জুন ২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্র বর্ণিত স্মারকের প্রেক্ষিতে "সোশাল প্রোটেকশন পলিসি সাপোর্ট প্রোগ্রাম বা এসএসপিএস-এর প্রজেক্ট ডকুমেন্ট (প্রোডক) ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত বর্ধিতকরণ বিষয়ে নির্দেশক্রমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মতি প্রদান করা হল।

৯/৬/২০২০
নুসরাত নোমান
উপ-সচিব
ফোন: ৯১১৯৪০৮
ই-মেইল: ds-un3@erd.gov.bd

সদস্য
সাধারণ অর্থনীতি বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
(দৃঃআঃ-জনাব মোঃ ফয়জুল ইসলাম, যুগ্মপ্রধান)

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (জাস-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
সাধারণ অর্থনীতি বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

নং-২০.৬২১.০১৪.০১.০০.০০১.২০১৩.৬৫

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৭বঃ
০৪ জুন ২০২০খ্রিঃ

**বিষয়: সোশাল প্রোটেকশন পলিসি সাপোর্ট প্রোগাম বা এসএসপিএস- এর প্রজেক্ট ডকুমেন্ট (প্রোডক) ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত বর্দ্ধিতকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীনে বিগত জুলাই ২০১৪ থেকে বাংলাদেশের সামাজিক সুরক্ষার বিভিন্ন স্কিম পরিচালনা-পদ্ধতির সংস্কার ও সমন্বয়ের নিমিত্ত সোশাল প্রোটেকশন পলিসি সাপোর্ট প্রোগ্রাম বা এসএসপিএস কাজ করে চলেছে। বিগত ০১ জানুয়ারি ২০১৪ তে প্রকল্পটির প্রজেক্ট ডকুমেন্টের সাক্ষর ইআরডি, মন্ত্রিপরিষদ বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং ইউএনডিপির মধ্যে সম্পাদিত হয়। আলোচ্য প্রকল্পটির গুরুত্বের প্রেক্ষিতে বিগত ২২ জানুয়ারি ২০২০ তারিখে মন্ত্রিপরিষদের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে মেয়াদবৃদ্ধি/সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হয় (সংযুক্তি-০১)। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য প্রকল্পটির প্রোজেক্ট ডকুমেন্ট (প্রোডক)-টির সময়সীমা বৃদ্ধির প্রয়োজন দেখা দিয়েছে।

০২। এখানে উল্লেখ করা যেতে পারে যে, জুলাই ২০১৫ তারিখে গৃহিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (এনএসএসএস) এর রোডম্যাপ অনুযায়ী মন্ত্রিপরিষদের সচিবের সভাপতিত্বে সামাজিক নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি ২০১৫ থেকে ২০২৫ পর্যন্ত সময়কালে শতাধিক সামাজিক নিরাপত্তা বিষয়ক স্কিমের বিভিন্ন সংস্কার ও সমন্বয় কার্যক্রমের উন্নয়নের জন্য বিভিন্ন কাজ অব্যাহত রাখবে। এই যুক্তিতে আলোচ্য প্রকল্পটির টিপিপি সংশোধনের সুপারিশ করা হয়েছে। আলোচ্য প্রকল্পটির সংশোধিত মেয়াদ ৩০শে জুন ২০২০-তে শেষ হয়ে যাবে বলে প্রকল্পটির সংশোধন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায়, প্রকল্পটির প্রোডক ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। এ বিষয়ে ইউএনডিপি-র ঢাকাস্থ আবাসিক প্রতিনিধি মন্ত্রিপরিষদ বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ বরাবর প্রোডক বর্দ্ধিতকরণের পত্রের কপি প্রেরণ করেছেন (সংযুক্তি-০২)।

০৩। এমতাবস্থায়, সোশাল প্রোটেকশন পলিসি সাপোর্ট প্রোগ্রাম বা এসএসপিএস-র প্রোজেক্ট ডকুমেন্ট (প্রোডক)-এর মেয়াদ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সদয় অনুরোধ জানানো হলো।

4/6/20
(মোঃ ফয়জুল ইসলাম)
যুগ্মপ্রধান
সাধারণ অর্থনীতি বিভাগ
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
শের-ই-বাংলা নগর, ঢাকা।

সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা।
[দৃ: আ: **উপসচিব, ইউএন-৩ অধিশাখা**]